



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/30/2021

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

**গভর্নর কুওমো দুর্বল নিউ ইয়র্কবাসীদের জন্য শীতলীকরণের সহায়তা হিসেবে 15 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার কথা ঘোষণা করেছেন**

**তাপ এবং আর্দ্রতার কারণে বর্ধিত অসুস্থতায় যারা ভুগছেন তাদের জন্য এয়ার কন্ডিশনার উপলব্ধ**

**প্রোগ্রামটি পাঁচ বছর ধরে 28,000-টিরও বেশি নিম্ন আয়ের পরিবারকে পরিষেবা দিয়েছে**

গভর্নর কুওমো আজ ঘোষণা করেছেন যে আসন্ন গ্রীষ্মের মাসগুলোতে শীতল থাকার জন্য নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীরা যারা গরমের কারণে গুরুতর স্বাস্থ্য সমস্যায় ভুগছেন, তাদের সাহায্য করার জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার উপলব্ধ। অফিস অব টেম্পরারি এন্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স (Office of Temporary and Disability Assistance) রাজ্য অফিস দ্বারা পরিচালিত, হোম এনার্জি অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের (Home Energy Assistance Program) মাধ্যমে অর্থায়ন যোগ্য পরিবারগুলিকে একটি এয়ার কন্ডিশনার সরবরাহ করে যে পরিবারের একজন সদস্য যার একটি চিকিৎসাগত সমস্যা আছে যা প্রচণ্ড গরমের কারণে বৃদ্ধি পেতে পারে।

"আমরা জানি এই গ্রীষ্মে আমরা গরম আবহাওয়ার সম্মুখীন হব, এবং কোন নিউ ইয়র্কবাসীকে বা তাদের প্রিয়জনদের যেন তাপমাত্রা বাড়ার সময় নিরাপদ থাকবেন কিনা তা নিয়ে কোনও চিন্তা না করতে হয়," **গভর্নর কুওমো বলেন।** "এই গুরুত্বপূর্ণ অর্থায়ন মরসুমের প্রথম তাপ প্রবাহের আগে আমাদের মধ্যে সব চেয়ে দুর্বলদের স্বাস্থ্য এবং কল্যাণ সুরক্ষিত করার জন্য আমাদের অঙ্গিকারবদ্ধতাকে প্রতিফলিত করে।"

ফেডারেলগতভাবে অর্থায়ন করা প্রোগ্রামের জন্য যোগ্যতা অর্জন করার উদ্দেশ্যে, আবেদনকারীদের অবশ্যই বিদ্যমান যোগ্যতার মানদণ্ড এবং আয়ের নির্দেশিকা পূরণ করতে হবে - যা পরিবারের আয়তন অনুসারে পরিবর্তিত হয় - এবং পরিবারের অন্তত একজন সদস্য আছেন যার একটি চিকিৎসাগত সমস্যা আছে যা প্রচণ্ড গরমের কারণে বেড়ে ওঠে। উদাহরণস্বরূপ, চার জনের একটি পরিবার বছরে 60,226 মার্কিন ডলার বা মাসে 5,019 মার্কিন ডলার পর্যন্ত উপার্জন করতে পারে, এবং তাও সহায়তার জন্য যোগ্যতা অর্জন করতে পারে।

সরকারী ভর্তুকিপ্ৰাপ্ত আবাসনে অবস্থিত পরিবারগুলি যাদের ভাড়া তাপ অন্তর্ভুক্ত থাকে তারা একটি শীতলীকরণ সুবিধার জন্য যোগ্য থাকবে, তবে এই শর্তে যে সেখানে বসবাসকারী কারো একটি চিকিৎসাগত সমস্যা আছে যা প্রচণ্ড তাপের ফলে বৃদ্ধি পেতে পারে। এর ফলে, শীতলীকরণের

সহায়তার জন্য এই বছরের তহবিল 15 মিলিয়ন মার্কিন ডলার ধার্য করা হয়েছিল যোগ্যতার এই সম্প্রসারণের ফলে আবেদনকারীদের সম্ভাব্য বৃদ্ধির জন্য।

শীতলিকরণ সহায়তার জন্য আবেদনগুলি সোমবার, 3 মে থেকে শুরু করে 30 আগস্ট পর্যন্ত অথবা অর্থাৎ শেষ হয়ে যাওয়া পর্যন্ত গ্রহণ করা হবে [সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগগুলিতে](#)। আগে আসলে আগে পাবেন ভিত্তিতে সহায়তা প্রদান করা হয়।

নিউ ইয়র্ক সিটির বাইরের বাসিন্দারা সাধারণ তাপ সংক্রান্ত সহায়তা সুবিধার জন্য অনলাইনে আবেদন করতে পারেন [myBenefits.ny.gov](http://myBenefits.ny.gov) এ। নিউ ইয়র্ক সিটির বাসিন্দারা [access.nyc.gov](http://access.nyc.gov) থেকে একটি আবেদন ডাউনলোড করতে পারেন এবং প্রোগ্রামের তথ্য পেতে পারেন।

শীতলিকরণ সহায়তা প্রোগ্রাম (cooling assistance program) গত বছর সারা রাজ্যে প্রায় 6,800 সুবিধা প্রদান করেছিল। গত পাঁচ বছরে নিউ ইয়র্ক জুড়ে 28,000-টিরও বেশি পরিবার শীতলিকরণ সহায়তার দ্বারা উপকৃত হয়েছে।

"যখন বহু নিউ ইয়র্কবাসী আসন্ন গ্রীষ্মের অপেক্ষায় রয়েছে, অন্যরা প্রচণ্ড তাপ প্রবাহ সম্পর্কে সতর্ক যা প্রায়শই এই মরশুমের সাথে সম্পর্কিত করা হয় এবং তা যা বর্ধিত স্বাস্থ্যের ঝুঁকি নিয়ে আসতে পারে, তা বিবেচনা করে," **অফিস অব টেম্পেরারি এন্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স কমিশনার মাইক হেইন বলেন**, "এই তহবিল যোগ্য নিম্ন আয়ের ব্যক্তি এবং পরিবারগুলিকে তাদের বাড়ি শীতল করতে এবং গ্রীষ্মের তাপ তাদের প্রিয়জনের চিকিৎসাগত সমস্যাকে আরও বাড়িয়ে তুলবে এমন সম্ভাবনা এড়াতে সহায়তা করে।"

শীতলিকরণ সহায়তা ছাড়াও, সংস্থাটি 31 আগস্ট পর্যন্ত বা বরাদ্দ তহবিল শেষ না হওয়া পর্যন্ত সাধারণ এবং জরুরী HEAP এর জন্য আবেদন করার সময়সীমাও বাড়াবে। একটি তৃতীয় জরুরী সুবিধা যোগ্য পরিবারগুলির জন্য উপলব্ধ যারা একটি সংকট বা প্রাণ সংশয়কারী তাপ বা তাপ সম্পর্কিত শক্তি সংক্রান্ত জরুরী অবস্থার সম্মুখীন।

স্টেটে HEAP এর চাহিদা অনেক বেশি। এই মৌসুমে এখনও পর্যন্ত, প্রায় 1.4 মিলিয়ন সাধারণ সুবিধা নিম্ন থেকে মাঝারি আয়ের পরিবারগুলি পেয়েছে, এবং প্রায় 64,000 জরুরী সুবিধাও এই পরিবারগুলিকে প্রদান করা হয়েছে।

###

আরো সংবাদ পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)